Website: www.bb.org.bd
www.bangladeshbank.org.bd

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএমপিএিস সার্কুলার লেটার নং — ৬/২০১০

তারিখ ঃ ২২ জুলাই, ২০১০ ---------- ৭ শ্রাবন, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম (BACPS) এর
Live Day Simulation(LDS) প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড চেক প্রসেসিং সিস্টেম এর আনুষ্ঠানিক কার্যক্রম শুরুর পুর্ব প্রস্তুতি হিসাবে বর্তমানে অংশগ্রহণকারী ব্যাংকসমুহের সাথে Live Simulation Test চলমান রয়েছে। এরই ধারাবাহিকতায় পুরো প্রক্রিয়াটির Integrity এবং Fitness পরীক্ষার নিমিত্তে একদিনের জন্য বর্তমান ম্যানুয়াল ক্লিয়ারিং হাউসের কার্যক্রম বন্ধ রেখে তদস্থলে BACPS এর মাধ্যমে অংশগ্রহণকারী ব্যাংকগুলোর প্রেরিত ইন্সট্রুমেন্টসমুহের Settlement করার মাধ্যমে Live Day Simulation (LDS)-করা প্রয়োজন। এই লক্ষ্যে আগামী ৪ আগষ্ট ২০১০ বুধবার LDS এর দিন ধার্য করা হয়েছে। এতে অংশগ্রহণের জন্য আপনাদেরকে নিম্নলিখিত পদক্ষেপসমুহ অনুসরনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে ঃ

১. High Value এবং Regular উভয় ধরনের ক্লিয়ারিংয়ে উপস্থাপিতব্য সকল ইন্সট্রুমেন্ট BACPS নির্ধারিত সময়সূচী (Cut-off) অনুযায়ী উপস্থাপন এবং Unpaid Return সমুহ পাঠাতে হবে।
২. উক্ত LDS-এ কোন Non-MICR ইন্সট্রুমেন্ট উপস্থাপন করা যাবে না।
৩. কোন ইন্সট্রুমেন্ট Image Quality Assurance (IQA) সফল না হলে তা ঐ দিন নিকাশ হয়নি বলে ধরে নেয়া হবে এবং তা পরবর্তী কার্যদিবসে নিকাশের নিমিত্তে ম্যানুয়াল ক্লিয়ারিংয়ে উপস্থাপন করা যাবে।
৪. যে ইন্সট্রুমেন্টসমূহ LDS-এ Settlement করা হবে সেগুলো পরবর্তী দিনে তালিকা সমেত Paying Bank-কে ফেরত দিতে হবে।
৫. LDS-এ কোন ধরনের অসামঞ্জস্য/ত্রুটি দেখা দিলে তাৎক্ষনিকভাবে তা অত্র বিভাগকে অবহিত করতে হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউসের সফল বাস্তায়নের পুর্বপ্রস্তুতি হিসাবে আগামী ৪ আগষ্ট ২০১০ তারিখে Live Day Simulation-এ আপনার ব্যাংকের সফল অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে পরিপূর্ণ প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে ।

অনুগ্রহ পুর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(**জিন্নাতুল বাকেয়া**)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭২